গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
www.orgbdr.gov.bd

স্মারক নং- ৪৬.০৪.০০০০.০০০.১০১.১১.০০০১.২৫.**১৫১৬**

তারিখ: ২২-০৬-১৪৩২ বঙ্গাব্দ
০৭-১০-২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এ কার্যালয়ের ১৩ থেকে ২০ গ্রেডের ০৯ (নয়) টি শূন্য পদে (ব্যক্তিগত সহকারী-০১ টি, সহকারী হিসাবরক্ষক-০১ টি, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-০১ টি এবং অফিস সহায়ক-০৬ টি) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞাপন প্রকাশ।

এতদসঙ্গে সংযুক্ত বিজ্ঞাপন তাঁর বহুল প্রচারিত সংবাদপত্রের ভেতরের পৃষ্ঠায় ৩ কলাম ২০ ইঞ্চি আগামী ০৮/১০/২০২৫ খ্রি: তারিখ বুধবার মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০২। বিজ্ঞাপনটি সরকারি রেটে (৩× ২০") কলামে (সাদা-কালো) মুদ্রিত হবে। প্রকাশিত বিজ্ঞাপনের ০৩ (তিন) কপি এ অফিসে প্রেরণের জন্য বলা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পৃষ্ঠা বিজ্ঞপ্তি।

07/10/2025

মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২৪১০৫২২৬৩
ই-মেইল: arg.admin@orgbdr.gov.bd

বিতরণ:

১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক/২৪৪, প্রগতি সরণি, কুড়িল বিশ্বরোড, বারিধারা, ঢাকা-১২২৯।
২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমার দেশ, ফ্লোর # ৮, ঢাকা ট্রেড সেন্টার, ৯৯, কাজী নজরুল এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
২। উপ-রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব) ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন ও অর্থ শাখা)
স্থানীয় সরকার বিভাগ
www.orgbdr.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৪৬.০৪.০০০০.০০০.১০১.১১.০০০১.২৫.১৪৭৩

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ / ২১ সেপ্টেম্বর ২০২৫

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুসারে) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | ব্যক্তিগত সহকারী<br>টাকা ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ;<br>(গ) মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। |
| ০২ | সহকারী হিসাবরক্ষক<br>টাকা ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান বিষয়সহ ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাকা ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ০৪ | অফিস সহায়ক<br>টাকা ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আবেদনকারীর বয়স ০১/১০/২০২৫ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। এছাড়া সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪ অনুযায়ী।

০২। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৩। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোনো সুযোগ থাকবে না।

০৪। **চাকরির জন্য আবেদন অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।**

০৫। লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। এছাড়া নিম্নরূপ কাগজপত্র দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

খ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের মূলকপি (রঙিন);

গ) সদ্য তোলা রঙিন ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড-এ সরকার কর্তৃক মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ছ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

জ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি;

ঞ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

০৬। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

০৭। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ওয়েবসাইটে (www.orgbdr.gov.bd) এবং https://orgbdr.teletalk.com.bd পাওয়া যাবে। লিখিত/ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়সূচি এবং ফলাফল রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ওয়েবসাইটে (www.orgbdr.gov.bd) প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস (SMS)-এর মাধ্যমেও জানানো হবে।

১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ/আংশিক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://orgbdr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i) Online এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০৯-১০-২০২৫ খ্রি: সকাল: ৯.০০ টা।**

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩০-১০-২০২৫ খ্রি: রাত: ১২.০০ টা।**
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস (SMS)-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) পিক্সেল ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) পিক্সেল স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন এবং সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে দায়ী থাকবেন।

ঘ) প্রার্থীর অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময়ে এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পূর্ণ হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল আবেদনপত্র Submit করা যোগ্যতাসম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Application এর কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা অফেরতযোগ্য এবং ৪ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) অফেরতযোগ্য টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** ORGBDR<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: ORGBDR A2BCDEF5

Reply: Applicants Name, Tk 112 will be charged as application fee, Your PIN is 123456789. To pay fee type ORGBDR<Space>YES<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** ORGBDR<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: ORGBDR YES 1234567

Reply: Congratulation Applicant's Name, Payment completed successfully for ORGBDR Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://orgbdr.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk Prepaid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে ORGBDR<Space>Help<Space> User<Space> User ID & Send to 16222.

ii) PIN Number জানা থাকলে <Space>Help<Space> PIN<Space> PIN No & Send to 16222.

ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা 16152 নম্বরে কল করে অথবা vas.query@teletalk.com.bd এবং arg.admin@orgbdr.gov.bd এ ই-মেইল করে; (Mail এর Subject এ Organization Name: ORGBDR, Post Name: *****, Applicants User ID ও Contact Number উল্লেখপূর্বক যোগাযোগ করা যাবে।

(ঞ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যেকোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

***শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: ০২-৪১০৫২২৬৩
ই-মেইল: arg.admin@orgbdr.gov.bd